সংবাদ

0 007

তারিখ ... 21.11.84 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 8 ...

# কবি ফয়েজ আহমদ ফয়েজের ইন্তেকাল

বিখ্যাত উর্দু কবি ফয়েজ আহমদ ফয়েজ গতকাল মঙ্গলবার বিকেলে লাহোরে শেষনিঃশ্বাস ত্যাগ করেছেন (ইন্নালিল্লাহে ... ... রাজেউন) বলে ইসলামাবাদ থেকে পিটিআই জানিয়েছে। তাঁর মৃত্যুর সাথে সাথে বিশ্বের মুক্তিকামী মানুষের সহযোদ্ধা এক নির্ভীক কবির সোচ্চার কণ্ঠ চিরতরে স্তব্ধ হয়ে গেল। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর।

এই বিশ্ব বরেণ্য কবি তাঁর বিপ্লবী দৃষ্টিভঙ্গী আফ্রো-এশীয়-লাতিন আমেরিকার গণমানুষের মুক্তি, গণতন্ত্র ও সমাজ প্রগতির আন্দোলনের একজন অকুতোভয় যোদ্ধা হিসেবে জীবিতকালেই কিংবদন্তী হয়ে উঠেছিলেন।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ফয়েজ আহমদ

(১ম পাতার পর)

'দস্তেসাবা' 'দস্তে তহ্-এ-সং'-খ্যাত কবি ফয়েজ আহমদ ফয়েজ ছিলেন আধুনিক উর্দু সাহিত্যের রূপতি কিষণ চন্দর, সাদত হাসান মান্টো ও খাজা আহমদ আব্বাসের সমান্তরাল শক্তিসম্পন্ন। খ্যাতিমান কবি হিসেবে তিরিশের দশক থেকেই তাঁর নাম ছড়িয়ে পড়ে। বিভাগপূর্বকালে দিল্লী থেকে প্রকাশিত 'ডন'-এর সম্পাদক ছিলেন তিনি। পরবর্তীকালে 'পাকিস্তান টাইমস'-এর সম্পাদক জনাব ফয়েজ আহমদ ফয়েজ পাকিস্তান-সোভিয়েত মৈত্রী সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন।

প্রগতিশীল গণআন্দোলনের মূলধারার সাথে তাঁর ছিল চিরকালের সংযোগ। ১৯৫১ সালে পাকিস্তানের কমিউনিষ্ট পার্টির সাধারণ সম্পাদক সাজ্জাদ জহিরের সাথে রাওয়ালপিণ্ডি ষড়যন্ত্র মামলায় তাঁকে গ্রেফতার করা হয়।

ফ্যাসিবিরোধী লেখক সংঘের অন্যতম সংগঠক ফয়েজ আহমদ ফয়েজ প্রগতি লেখক সংঘেরও অন্যতম প্রতিষ্ঠাতা।

শান্তি, প্রগতি এবং গণতান্ত্রিক মূল্যবোধ ও অধিকারের জন্যে গোটা জীবন তিনি নিরলস সংগ্রাম করেছেন। বিশ্বশান্তির ক্ষেত্রে তার অবদানের স্বীকৃতিস্বরূপ ১৯৬১ সালে ফয়েজ আহমদ ফয়েজ লেনিন শান্তি পুরস্কারে ভূষিত হন।

পাকিস্তান সরকারের গণবিরোধী নীতির প্রতিবাদে দীর্ঘদিন তিনি লণ্ডন ও কলকাতায় স্বেচ্ছা নির্বাসনে ছিলেন।

তার কর্মক্ষেত্র ছিল সুবিস্তৃত ও বহুমুখী। মৃত্যুর আগ মুহূর্ত পর্যন্ত ফয়েজ আহমদ ফয়েজ আফ্রো-এশীয় লেখক ইউনিয়নের সভাপতিমণ্ডলীর সদস্য এবং ইউনিয়নের মুখপত্র 'লোটাস' ত্রৈমাসিক পত্রিকার সম্পাদনা পরিষদ ও লোটাস সাহিত্য পুরস্কার মনোনয়ন কমিটির সদস্য ছিলেন। কবি ফয়েজ আহমদ ফয়েজ ১৯৫৯ সালে মানিক বন্দ্যোপাধ্যায়ের পদ্মানদীর মাঝি অবলম্বনে এ,জে কারদার পরিচালিত সাড়া জাগানো চলচ্চিত্র 'জাগো হুয়া সাবেরা'র চিত্রনাট্য রচনা করেছেন।

### শোক জ্ঞাপন

বাংলাদেশ শান্তি পরিষদের সভাপতি আবুজাফর শামসুদ্দীন, সাধারণ সম্পাদক আলী আকসাদ এবং বাংলাদেশ আফ্রো-এশীয় গণসংহতি পরিষদের সভাপতি কবি সানাউল হক ও সাধারণ সম্পাদক ডাঃ সাইদুর রহমান বিশ্ব বরেণ্য কবি ফয়েজ আহমদ ফয়েজের মৃত্যুর সংবাদে গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় তারা লেনিন পুরস্কার বিজয়ী কবিকে বিশ্ব শান্তি পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা এবং এশিয়া, আফ্রিকা ও লাতিন আমেরিকার জনগণের মুক্তি আন্দোলনের একজন নিরলস ও নির্ভীক প্রবক্তা হিসেবে তার অবদানকে স্মরণ করেন।